# গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**গাজীপুর সিটি কর্পোরেশনের ২৯.০৮.২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদের ৭ম মাসিক সভার কার্যবিবরণীঃ-**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম<br>মেয়র,<br>গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ২৯.০৮.২০১৯ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার। |
| সভার সময় | ঃ | বেলা ১২:০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ-

আলোচ্যসূচী -০১ ঃ **বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১. | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা জনাব এস এম সোহরাব হোসেন বিগত মাসিক সভার কার্যবিবরণী সভায় পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

আলোচ্যসূচী -০২ ঃ আগামী ০৫/০৯/২০১৯খ্রিঃ তারিখ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর গাজীপুরস্থ রাজবাড়ী মাঠে আগমন উপলক্ষ্যে আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২. | সভাপতি মহোদয় সভাকে জানান যে, ডেঙ্গু প্রতিরোধ, বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক সচেতনতামূলক আলোচনা ও বিভিন্ন উন্নয়ন কাজের ফলক উন্মোচন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আগামী ০৭/০৯/২০১৯খ্রিঃ তারিখ রোজ শনিবার, বিকাল ৩.০০ ঘটিকায় রাজবাড়ী মাঠ, জয়দেবপুর, গাজীপুর এ অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এম,পি, মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এম,পি এবং অন্যান্য এম,পি মহোদয়, প্রশাসনের উর্দ্ধতন কর্মকর্তাগন উপস্থিত থাকবেন। মাননীয় মেয়র মহোদয় জানান যে, সিটি কর্পোরেশনের সকল কিছু স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন। তাই মাননীয় মন্ত্রীর আগমন ও অনুষ্ঠানটি সাফল্য মন্ডিত করতে হবে। মাননীয় মেয়র মহোদয় এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত কাউন্সিলরগন জানান যে, উক্ত অনুষ্ঠান সফল করার বিষয়ে পৃথক পৃথক কমিটি গঠন করে দেয়া যেতে পারে। যাবতীয় কার্যক্রম ও ব্যয়ের বিষয়টি সংশ্লিষ্ট কমিটি দেখাশোনা করবেন। কাউন্সিলর এ বিষয়ে সাবিক সহযোগিতা করবেন। | সিদ্ধান্ত- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে উক্ত অনুষ্ঠান সফল ভাবে সমাপ্ত কারার জন্য নিম্নরুপ ভাবে কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

## মঞ্চ সজ্জা উপ- কমিটি

১। জনাব মোঃ হাসান আজমল ভূইয়া, কাউন্সিলর ২৮নং ওয়ার্ড

২। জনাব মোঃ জাবেদ আলী, কাউন্সিলর ২৭নং ওয়ার্ড

৩। জনাব মোঃ রফিকুল ইসলাম, কাউন্সিলর ২৪নং ওয়ার্ড

৪। জনাব মোঃ মজিবুর রহমান, কাউন্সিলর ২৫নং ওয়ার্ড

৫। জনাব মোঃ শাহজাহান মিয়া, কাউন্সিলল ২৯নং ওয়ার্ড

৬। জনাব মোঃ আনোয়ার হোসেন, কাউন্সিলর ৩০নং ওয়ার্ড

৭। জনাব মোঃ মকবুল হোসেন, কাউন্সিলর ৩১নং ওয়ার্ড

৮। জনাব খন্দকার নুরন্নাহার, সংরক্ষিত কাউন্সিলর ০৯নং ওয়ার্ড

৯। জনাব মোসাঃ আয়েশা আক্তার, সংরক্ষিত কাউন্সিলর ১০নং ওয়ার্ড

## অভ্যর্থনা উপ- কমিটি

১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, কাউন্সিলর ৩৪নং ওয়ার্ড

২। জনাব মোহাম্মদ আমজাদ হোসেন, কাউন্সিলর ৫১নং ওয়ার্ড

৩। জনাব মোঃ গিয়াস উদ্দিন সরকার, কাউন্সিলর ৫৭নং ওয়ার্ড

৪। জনাব দবির সরকার, কাউন্সিলর ০৫নং ওয়ার্ড

৫। জনাব মোঃ কাউসার আহম্মেদ, কাউন্সিলর ০৭নং ওয়ার্ড

৬। জনাব মোসাঃ নাজনীন আক্তার, সংরক্ষিত কাউন্সিলর ০১নং ওয়ার্ড

৭। জনাব লিপি আক্তার, সংরক্ষিত কাউন্সিলর ০৫নং ওয়ার্ড

৮। জনাব কেয়া শারমিন, সংরক্ষিত কাউন্সিলর ১৮নং ওয়ার্ড

৯। জনাব রুহুন নেছা, সংরক্ষিত কাউন্সিলর ১১নং ওয়ার্ড

১০। জনাব আফছানা আক্তার, সংরক্ষিত কাউন্সিলর ০৮নং ওয়ার্ড

## আপ্যায়ন উপ- কমিটি

১। জনাব মোঃ আজিজুর রহমান, কাউন্সিলর ৪০নং ওয়ার্ড

২। জনাব আসাদুর রহমান কিরন, কাউন্সিলর ৪৩নং ওয়ার্ড

৩। জনাব আব্দুল্লাহ আল মামুন, কাউন্সিলর ৩৫নং ওয়ার্ড

৪। জনাব মোঃ তানভীর আহম্মেদ, কাউন্সিলর ১৯নং ওয়ার্ড

৫। জনাব মোঃ নাসির উদ্দীন মোল্লা, কাউন্সিলর ০৯নং ওয়ার্ড

৬। জনাব খোরশেদ আলম সরকার, কাউন্সিলর ১৩নং ওয়ার্ড

৭। জনাব মোঃ সোলেমান হায়দার, কাউন্সিলর ৫৩নং ওয়ার্ড

৮। জনাব মো: মোস্তাজ উদ্দিন আহামেদ, কাউন্সিলর ০২নং ওয়ার্ড

৯। জনাব মোসা: জ্যোৎস্না বেগম, সংরক্ষিত কাউন্সিলর ১৪নং ওয়ার্ড

**পরিবহন উপ- কমিটি**

১। জনাব মো: হান্নান মিয়া, কাউন্সিলর ২৬নং ওয়ার্ড

২। জনাব মুনজুর হোসেন, কাউন্সিলর ২৩নং ওয়ার্ড

৩। জনাব ফয়সাল আহামেদ সরকার, কাউন্সিলর ১৫নং ওয়ার্ড

৪। জনাব মো: আবুল হাসেম,কাউন্সিলর ৫৫নং ওয়ার্ড

৫। জনাব মো: সাইজ উদ্দিন মোল্লা, কাউন্সিলর ০৩নং ওয়ার্ড

৬। জনাব মো: সেলিম রহমান, কাউন্সিলর ০৮নং ওয়ার্ড

৭। জনাব মো: আব্দুস সালাম, কাউন্সিলর ৪২নং ওয়ার্ড

৮। জনাব মো: সাইফুল ইসলাম দুলাল, কাউন্সিলর ৩৭নং ওয়ার্ড

৯। জনাব মোসা: নাসরিন আক্তার, সংরক্ষিত কাউন্সিলর ১৭নং ওয়ার্ড

১০। জনাব মিসেস বিনু বারেক, সংরক্ষিত কাউন্সিলর ০৩নং ওয়ার্ড

**সাংস্কৃতিক উপ- কমিটি**

১। জনাব মো: আবুল হোসেন, কাউন্সিলর ৫৬নং ওয়ার্ড

২। জনাব কাজী আবু বকর সিদ্দিক, কাউন্সিলর ৫০নং ওয়ার্ড

৩। জনাব মো: সাদেক আলী, কাউন্সিলর ৪৭নং ওয়ার্ড

৪। জনাব মো: মোশারফ হোসেন, কাউন্সিলর ২২নং ওয়ার্ড

৫। জনাব মো: আলমগীর হোসেন, কাউন্সিলর ৩৬নং ওয়ার্ড

৬। জনাব তাছলিমা নাসরিন, সংরক্ষিত কাউন্সিলর ০৪নং ওয়ার্ড

৭। জনাব ফেরদৌসী জামান ফিরু, সংরক্ষিত কাউন্সিলর ১৫নং ওয়ার্ড

৮। জনাব মোসা: পুষ্প বেগম, সংরক্ষিত কাউন্সিলর ১২নং ওয়ার্ড

১০। জনাব মাহমুদা আক্তার, সংরক্ষিত কাউন্সিলর ০২নং ওয়ার্ড

**প্রচার উপ- কমিটি**

১। জনাব মো: নাসির উদ্দিন মোল্লা, কাউন্সিলর ৫৪নং ওয়ার্ড

২। জনাব মীর মো: আসাদুজ্জামান, কাউন্সিলর ০৬নং ওয়ার্ড

৩। জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, কাউন্সিলর ৪৬নং ওয়ার্ড

৪। জনাব মো: সফিউদ্দিন, কাউন্সিলর ৪৮নং ওয়ার্ড

৫। জনাব মো: ওসমান গনি লিটন, কাউন্সিলর ০১নং ওয়ার্ড

৬। জনাব মো: আব্দুল আলীম মোল্লা, কাউন্সিলর ৫২নং ওয়ার্ড

৭। জনাব মো: দেলোয়ার হোসেন দুলাল, কাউন্সিলর ১০নং ওয়ার্ড

৮। জনাব মো: রফিকুল ইসলাম, কাউন্সিলর ১৭নং ওয়ার্ড

৯। জনাব আয়শা খাতুন, সংরক্ষিত কাউন্সিলর ০৭নং ওয়ার্ড

## শৃংখলা উপ- কমিটি

১। জনাব মোহাম্মদ ফারুক আহম্মেদ, কাউন্সিলর ২১নং ওয়ার্ড

২। জনাব মো: মাজাহারুল ইসলাম, কাউন্সিলর ৪৪নং ওয়ার্ড

৩। জনাব মো: আবদুল কাদির, কাউন্সিলর ১৮নং ওয়ার্ড

৪। জনাব মো: মোমেন মিঞা, কাউন্সিলর ৪১নং ওয়ার্ড

৫। জনাব মো: রফিকুল ইসলাম, কাউন্সিলর ০৪নং ওয়ার্ড

৬। জনাব মো: মনিরুজ্জামান, কাউন্সিলর ৩৮নং ওয়ার্ড

৭। জনাব মোসা: শিরিন আক্তার, সংরক্ষিত কাউন্সিলর ১৩নং ওয়ার্ড

৮। জনাব হামিদা বেগম, সংরক্ষিত কাউন্সিলর ১৬নং ওয়ার্ড

৯। জনাব মোসা: রাখি সরকার, সংরক্ষিত কাউন্সিলর ১৯নং ওয়ার্ড

১০। জনাব রোকসানা আহমেদ, সংরক্ষিত কাউন্সিলর ০৬নং ওয়ার্ড

## অর্থ উপ- কমিটি

১। জনাব আব্বাছ উদ্দিন, কাউন্সিলর ১২নং ওয়ার্ড

২। জনাব আলহাজ্ব মো: মিজানুর রহমান, কাউন্সিলর ৩৩নং ওয়ার্ড

৩। জনাব শাহ্ আলম রিপন, কাউন্সিলর ৪৫নং ওয়ার্ড

৪। জনাব মো: শহিদুল ইসলাম, কাউন্সিলর ২০নং ওয়ার্ড

৫। জনাব শোয়েব আল আসাদ, কাউন্সিলর ১৪নং ওয়ার্ড

৬। জনাব মো: আবুল কালাম আজাদ, কাউন্সিলর ১১নং ওয়ার্ড

৭। জনাব ফারুক আহমেদ, কাউন্সিলর ৪৯নং ওয়ার্ড

৮। জনাব মো: মোছলেম উদ্দিন চৌধুরী, কাউন্সিলর ১৬নং ওয়ার্ড

৯। জনাব মোহাম্মদ শাহীনুল আলম মৃধা, কাউন্সিলর ৩৯নং ওয়ার্ড

১০। জনাব মো: পাঞ্জর আলী, কাউন্সিলর ৩২নং ওয়ার্ড

১০৯

আলোচ্যসূচী -০৩ ঃ চলমান বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৩. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভায় জানান যে, বর্তমানে গাজীপুর সিটি কর্পোরেশনের "DPP-1510", "DPP-660", "DPP-Ashphalt" এবং "DPP-বিদ্যুৎ" সহ মোট ৪ টি উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। অন্যদিকে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP-3828) এর প্রশাসনিক অনুমোদন স্মারক নং - ৪৬.০৯৪.০১০.০০.০০৯.২০১৮-৪০০ তাং. ১৯.০৮.২০১৯ এ মাধ্যমে স্থানীয় সরকার থেকে অনুমোদন পাওয়া যায়। বর্তমানে টেন্ডার এবং জমি অধিগ্রহনের কার্যক্রম চলমান আছে। মেয়র মহোদয় সভাকে জানান ডিপিপি-৩৮২৮ এ মোট ০৯ টি রাস্তা এবং রাস্তার পার্শ্বে ড্রেন ও ফুটপাথ বাস্তবায়নের জন্য একনেক/পরিকল্পনা কমিশণ এবং স্থানীয় সরকার থেকে অনুমোদন দেয়া হয়েছে। কিন্তু বর্ণিত রাস্তাগুলি ৬০'-০" করে বাস্তবায়নের পরিকল্পনা আছে বিধায় রাস্তার দুই পার্শ্ব থেকে জমি অধিগ্রগণ করতে হবে। জমি অধিগ্রহনের জন্য প্রয়োজণীয় টাকার সংস্থান ডিপিপিতে রাখা আছে। এ বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরগণ আলোচনায় অংশগ্রহণ করেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভায় উপস্থিত প্রকল্প পরিচালকদের তাঁদের নিজ নিজ প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেন। | ২৭ জানুয়ারী ২০১৯ তারিখের পিইসি সভার ৪.৩ এর সিদ্ধান্তের আলোকে অনুমোদিত ডিপিপি ভুক্ত মোট ০৯টি রাস্তা বাস্তবায়নের নিমিত্তে মোট =২৩৯.৭৮ একর জমি অধিগ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়। |
| | (ক) উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP-660) এর প্রকল্প পরিচালক সভায় জানান যে, বর্তমান অর্থবৎসর অর্থাৎ ২০১৯-২০২০ অর্থ বৎসরে মোট ৩০ টি প্যাকেজের কাজ বাস্তবায়নের জন্য APP তে নির্ধারিত আছে। ইতিমধ্যেই প্রায় ২৫ টি প্যাকেজের টেন্ডার আহবান করা হয়েছে। ইতিমধ্যে ৯ টি প্যাকেজের কাজের চুক্তি স্বাক্ষর করা হয়েছে এবং সর্বোপরি কাজের ৬% অগ্রগতি হয়েছে। | (ক) ২০১৯-২০২০ অর্থ বৎসরের জন্য নির্ধারিত সকল প্যাকেজের টেন্ডার দ্রুত গতিতে সম্পন্ন করে জুন-২০২০ এর মধ্যে উপ-প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য প্রকৌশল বিভাগকে/পিডি কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হল। |
| | (খ) উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি-১৫১০) এর প্রকল্প পরিচালক সভায় জানান যে, বর্তমান অর্থ বৎসরের জন্য (২০১৯-২০২০) নির্ধারিত মোট ২২ টি উপ-প্রকল্পের মধ্যে ইতিমধ্যে ২০ টি প্যাকেজের টেন্ডার সম্পন্ন করা হয়েছে এবং ইতিমধ্যেই ০৭ টি প্যাকেজের NOA প্রদান করা হয়েছে। | (খ) ২০১৯-২০২০ অর্থ বৎসরের জন্য নির্ধারিত সকল প্যাকেজের টেন্ডার দ্রুত গতিতে সম্পন্ন করে জুন-২০২০ এর মধ্যে উপ-প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য প্রকৌশল বিভাগকে/পিডি কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হল। |
| | (গ) উন্নয়ন প্রকল্প প্রস্তাব ("DPP-বিদ্যুৎ) এর নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানান যে, ইতিমধ্যে প্রকল্পের কাজ প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। আশা করা যাচ্ছে যে, আগামী ডিসেম্বর/২০১৯ এর মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন হবে। | (গ) কাজের গুনগত মান ঠিক রেখে নির্ধারিত বর্ধিত সময়ের মধ্যে প্রকল্প কাজ সম্পন্ন করার জন্য প্রকৌশল বিভাগকে/নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হল। |
| | (ঘ) উন্নয়ন প্রকল্প প্রস্তাব ("DPP-Ashphalt) এর প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পটির অধীনে মোট ০২ টি প্যাকেজের চুক্তি সম্পাদন করা হয়েছে। ক্রয় কার্যক্রম চলমান আছে। মেয়র মহোদয় সভায় জানান যে, Ashphalt Plant টি সঠিকভাবে স্থাপন এবং পরিচালনার জন্য আরো কিছু Equipment ক্রয় সহ Land developed এর জন্য অর্থের প্রয়োজন বিধায় প্রকল্পটি Revise করা প্রয়োজন। প্রকল্প | (ঘ) উন্নয়ন প্রকল্প প্রস্তাব ("DPP-Ashphalt) প্রকল্পটি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে প্রকল্পটির মেয়াদ জুন/২০২০ পর্যন্ত বর্ধিত করা সহ Ashphalt Plant টি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ৪,৮২২ কোটির টাকার Revised করার জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। |

| | | |
|---|---|---|
| | পরিচালক সভাকে আরো জানান যে, দুইবার টেন্ডার দেয়ায় সময় ক্ষেপন হয়েছে বিধায় প্রকল্পের মেয়াদ জুন, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করার অনুরোধ জানান। | |
| | (ঙ) সিজিপি প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ তাঁদের জোনে চলমান উপ-প্রকল্পগুলির অগ্রগতি সভায় উপস্থাপন করেন। মাননীয় মেয়র মহোদয় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে জানান যে, সিটি গর্ভানেন্স প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে না পারলে জাইকা এর আর্থিক সহায়তায় পরবর্তী প্রকল্প গ্রহণ করা সম্ভব হবে না। সুতরাং সংশ্লিষ্ট প্রকৌশলী এবং ঠিকাদারদের সিটি কর্পোরেশনের স্বার্থে চলমান কাজগুলি যথাসময়ে শেষ করার অনুরোধ জানান। | (ঙ) সিজিপি এর কাজগুলোর গুনগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | (চ) মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, বর্তমানে গাজীপুর সিটি কর্পোরেশনে ০৩ টি প্রকল্পের মাধ্যমে প্রায় ৭০০০ কোটি টাকায় কাজ চলমান। চলমান কাজগুলির গুনগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হলে সংশ্লিষ্ট ঠিকাদারদের দ্রুত গতিতে রাস্তা এবং ড্রেন নির্মাণের জন্য প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতি/Equipment/যানবাহন ব্যবহার করে প্রতিটি রাস্তা এবং ড্রেন এর উপ-প্রকল্পের কাজ করতে হবে। সিটি কর্পোরেশনে বর্তমান রাস্তা/ড্রেন নির্মাণ সংক্রান্ত আধুনিক যন্ত্রপাতি/Equipment/যানবাহন না থাকায় নির্মাণ সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় সাপোর্ট দেয়া যাচ্ছে না।<br>এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয় পদ্ধতিতে কিছু যন্ত্রপাতি/Equipment/যানবাহন ক্রয় করা যেতে পারে। এতে করে একদিকে যেমন রাস্তা ও ড্রেন এর কাজ দ্রুত গতিতে সম্পন্ন করা সম্ভব হবে। অন্যদিকে Equipment ভাড়া দেয়ার মাধ্যমে সিটি কর্পোরেশনের রাজস্ব আসবে। | (চ) জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয় পদ্ধতি অবলম্বন করে ২০(বিশ) কোটি টাকার Equipment/যানবাহন ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | (ছ) মেয়র মহোদয় সভাকে জানান যে, সিটি নাগরিকদের নিরাপদে চলাচলের জন্য সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডের রাস্তায় বাতি স্থাপন করা প্রয়োজন। ইতমধ্যেই সংশ্লিষ্ট প্রকৌশলীগণকে অগ্রাধীকার ভিত্তিতে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ন রাস্তায় স্ট্রীট লাইট স্থাপনের নিমিত্তে ডিপিপি প্রস্তুত করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ছ) অগ্রাধীকার ভিত্তিতে প্রতিটি জোনের গুরুত্বপূর্ন রাস্তাগুলিতে আধুনিক ষ্ট্রীট লাইট স্থাপনের জন্য প্রায় ৭০০ কোটি টাকার একটি ডিপিপি প্রণয়ণ করে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোদন এবং অর্থ প্রাপ্তির জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | (জ) মেয়র মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনে মোট ০৮টি জোন। আটটি জোনের মধ্যে ০১ এবং ০৪ নং জোনে আংশিক পানি সরবরাহ লাইন স্পাপন করা আছে বাকী কোন জোনে পানি সরবরাহ করার জন্য কোন পাইপ লাইন স্থাপন করা নেই। তিনি প্রতিটি জোনে Production Tubewell এবং পাইপ লাইন স্থাপনের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে একটি ডিপিপি প্রস্তুত করার জন্য পানি শাখার প্রকৌশলীগণকে অনুরোধ জানান। | (জ) Production Tubewell এবং পাইপ লাইন স্থাপনের জন্য প্রায় ১৮০০ কোটি টাকার একটি ডিপিপি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে প্রস্তুত করার জন্য পানি শাখার প্রকৌশলীগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(ঝ) Redy Mis ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহিত হয়।<br><br>(ঞ) নিম্নে বর্ণিত প্রকল্পগুলো অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

২০৭

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | গাজীপুর নগর ভবনের ৪র্থ তলার নির্মাণ কাজ। | ৪,৩৮,৯৬,৩৫৫/- |
| ২. | টঙ্গী কলেজ রাস্তা হতে সফিউদ্দিন সরকার একাডেমী পর্যন্ত সংযোগ রাস্তা (টঙ্গী কলেজ ও সফিউদ্দিন একাডেমীর পিছনে রাস্তা) আর সি সি ড্রেন ও আর সি সি রাস্তা নির্মাণ। | ৪০,১৮,০০০/- |
| ৩. | টঙ্গী পাইলট ও সুলতানা রাজিয়া সংযোগ রাস্তা (টঙ্গী পাইলটের পিছনের রাস্তা আর সি সি ড্রেন ও আর সি সি রাস্তা নির্মাণ। | ৩৮,৩৬,০০০/- |
| ৪. | হারবাইদ বাজার হইতে নন্দী বাড়ী রোড কার্পেটিং দ্বারা মেরামত করণ । | ১,৯৫,৭৬,০০০/- |
| ৫. | ঢাকা বাইপাস মেরিন একাডেমি হইতে বিন্দান মাদ্রাসা পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা মেরামত করণ। | ১,৮৬,৬০,০০০/- |
| ৬. | আনজুমান ফিলিং স্টেশন থেকে দেউলিয়া বাড়ি হয়ে জরোন মোড় পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা মেরামত করণ। | ৫,৯৯,০০,০০০/- |
| ৭. | হাতিয়াব স্কুল হতে খিলপাড়া হয়ে ভার্গো পর্যন্ত রাস্তা মেরামত সহ কার্পেটিং করণ। | ৩,৩০,০০,০০০/- |
| ৮. | বিপ্রবর্থা মাটির মসজিদ হতে নদীর পাড় হয়ে মসজিদ পর্যন্ত কার্পেটিং রাস্তা মেরামত করণ। | ২,৯০,০০,০০০/- |
| ৯. | দক্ষিন পানিশাইল আরকে রেডিয়াল হতে বাগবেড় দৌলত গাজী পুকুর পাড় পর্যন্ত রাস্তা কার্পেটিং করণ। | ২,৯৩,৭৩,২৪৪/- |
| ১০. | (ক) ঢাকা-ময়মনসিংহ রোডের ব্রাক জোনাল অফিস হইতে পালের পাড়া হয়ে মীরবহর হয়ে ঢাকা-ময়মনসিংহ রোডের বি আর টি সি অফিস পর্যন্ত রাস্তা মেরামত করণ।<br>(খ) ঢাকা- ময়মনসিংহ রোডের দশ তলা ফ্যাক্টরী হইতে বীর মুক্তিযোদ্ধা ঈমান উদ্দীনের বাড়ী হইয়া ১৮ নাম্বার ওয়ার্ডের শেষ পর্যন্ত রাস্তা মেরামত করণ ও ঢাকা-ময়মনসিংহ রোডের পাওয়ার গ্রীড অফিস হইতে বাড়ীয়ালি ব্রীজ আর সি সি ড্রেন পরিস্কার করণ। | ২,৮৫,৯৪,৫৫০/- |
| ১১. | গাজীপুর- টাঙ্গাইল বাইপাস হইতে বাবুল চেয়ারম্যান এর বাড়ীর সামনে দিয়ে নাওজোড় ইসলামপুর (জাইকার) রাস্তা পর্যন্ত এবং নাওজোড় ইসলামপুর হইতে মোল্লা পাড়া সংযোগ সড়ক (ফাইজুর সড়ক) পর্যন্ত রাস্তা মেরামত করণ।<br>(খ) বাসন হক মার্কেট মনিরের দোকান হইতে কালিবাড়ি মন্দির পর্যন্ত রাস্তা মেরামত করণ।<br>(গ) নাওজোড় থেকে জিরানী বাজার রাস্তা (ch.0.00dm- ch.1960.00 মিঃ) পর্যন্ত রাস্তা মেরামত করণ ও আর সি সি ড্রেন পরিস্কার করণ। | ১,৪৪,৩৬,৫৪০/- |

| | | |
|---|---|---|
| **৪. রাজস্ব বিষয়ক আলোচনাঃ**<br>সভায় উপস্থিত কাউন্সিলরগন জানান যে, রাজস্ব আদায়ের উপর সিটি কর্পোরেশনের উন্নয়ন অনেকাংশে নির্ভরশীল। রাজস্ব আদায় বৃদ্ধি করা না হলে উন্নয়ন কার্যক্রমে সমস্যা হবে। রাজস্ব শাখাকে মাঠ পর্যায় তদারকির পরামর্শ প্রদান করা হয়। মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, ইতিমধ্যে প্রত্যেক জোনে রাজস্ব শাখার পর্যাপ্ত কর্মচারী দেয়া হয়েছে। তিনি রাজস্ব আয় বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে তিনি জরুরী ভিত্তিতে রাজস্ব সভা ডেকে রাজস্ব শাখার সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশ দেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br>ক) বকেয়া কর আদায় লাইসেন্স ফি আদায় ও নতুন লাইসেন্স ইস্যু এবং কর ধার্য্যের জন্য উক্ত শাখা সমূহের কর্মকর্তা কর্মচারীদেরকে মাঠ পর্যায়ে যাওয়া এবং তদারকি বৃদ্ধি করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) কর ধার্য্য প্রক্রিয়া শেষ করে বকেয়া কর আদায় ও বকেয়া লাইসেন্স ফি আদায়ের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ)জরুরী ভিত্তিতে রাজস্ব সভা আহবান করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |

০৫. বিভিন্ন রাস্তা ঘাট জরুরী ভিত্তিতে মেরামত প্রসঙ্গে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, অতিবৃষ্টির কারনে অনেক রাস্তা নষ্ট হয়েছে। এছাড়া আরও কিছু কাজ জরুরীভাবে করা প্রয়োজন যেমন: পানি সরবরাহ, আবর্জনা অপসারণে যানবাহনের কাজ ইত্যাদি জরুরী ভিত্তিতে করা প্রয়োজন। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলগণ একমত পোষন করেন। এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয় জরুরী ভিত্তিতে RFQ এর মাধ্যমে কাজগুলি বাস্তবায়নের পরামর্শ দেন। মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন ৩২৯.৫৩ বর্গ কিলোমিটার এরিয়া নিয়ে গঠিত। এখানে প্রায় ৪০ লক্ষ লোক বসবাস করে। প্রায় ৫০০০ মিল/ফ্যাক্টরী আছে। অনেক সময় জরুরী কার্যক্রম পরিচালনার জন্য RFQ এর মাধ্যমে কিছু কাজ করতে হয়। | (০১) নিম্নে বর্ণিত উপ-প্রকল্পগুলি জরুরী ভিত্তিতে RFQ এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | টঙ্গী গরুরবাজার সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেলবোর্ড মেরামত ও কলাম পাইপ বর্দ্ধিত করণ, পাগাড় বোগদাদীয়া, আরিচপুর স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, পাগাড় বোগদাদীয়া মসজিদ সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের সাব-স্টেশন পরিবর্তন করণ এবং শিলমুন, আউচপাড়া খাঁ পাড়া রোডে সুইচ ভাল্ব পরিবর্তন করণ। | ৪,৯৫,৭৭০/- |
| ২. | পূর্ব আরিচপুর জামাইবাজার সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, সাহাজউদ্দিন সরকার স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের কলাম পাইপ বর্দ্ধীত করন, পাগাড় সালামের আটারকল, মাতাব্বর মার্কেট সংলগ্ন, মিরাশপাড়া, মরকুন টিএন্ডটি রোড সুইচ ভাল্ব মেরামত ও স্থাপন করন, পাগাড় শাহ সাহেব বাড়ী ও সালামের আটার কল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, এবং আরিচপুর স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের রাইজিং স্থাপন ও পূর্ব আরিচপুর রেলগেইট রোড সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের সাব-স্টেশন মেরামত করণ। | ৪,৯১,২০৭/- |
| ৩. | বনমালা রেলগেইট (পশ্চিম) সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেলবোর্ড মেরামত, দত্তপাড়া প্রাইমারী স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের কলামপাইপ বর্দ্ধিত করণ, টঙ্গী কলেজগেইট সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত। | ৪,৪৭,২৮২/- |
| ৪. | আউচপাড়া গচু সাহেবের বাড়ী সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, মরকুন কবরস্থান স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত,পাগাড় শাহ সাহেব বাড়ী সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, পাগাড় ফকির মার্কেট ঢাকা ডাইং রোডে ও গোপালপুর মসজিদ সংলগ্ন সুইচ ভাল্ব পরিবর্তন করণ। | ৪,৬৬,৫৮৩/- |
| ৫. | বড় দেওড়া মিস্ত্রিবাড়ী সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, বনমালা রেললাইন সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেল বোর্ড মেরামত,আনোয়ার সিল্ক সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের কলাম পাইপ বর্দ্ধিত করণ, আনোয়ার সিল্ক সালামের দোকান সংলগ্ন পাইপ লাইন লিকেজ মেরামত এবং সুইচ ভাল্ব মেরামত ও স্থাপন করণ। | ৪,৩০,৮৮৭/- |
| ৬. | মরকুন টি,এন্ড,টি সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেলবোর্ড মেরামত ও পাগাড় ছালামের আটারকল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, টঙ্গী ফায়ার সার্ভিস সংলগ্ন উৎপাদক নলকূপের রাইজিং স্থাপন এবং আরিচপুর সরকারী প্রাঃ বিদ্যালয় সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের interconnection করন কাজ। | ৪,৭৮,১৭৮/- |
| ৭. | পশু হাসপাতাল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, পাগাড় মডার্ন ফেক্টরী সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেল বোর্ড মেরামত, মরকুন কবরস্থান রোডে সুইচ ভাল্বের চেম্বার স্থাপন ও মরকুন প্রাইমারী স্কুল রোডে পাইপ লাইন লিকেজ মেরামত করন কাজ। | ৪,৬১,১৫১/- |
| ৮. | মরকুন কোকাকোলা সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, আউচপাড়া মোল্লাবাড়ী সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের হাউজিং এর লিকেজ মেরামত, পূর্ব আরিচপুর মাতাব্বর মার্কেট সংলগ্ন উৎপাদক নলকূপের ক্যাবল পরিবর্তন এবং টঙ্গী ফায়ার সার্ভিস সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড স্থাপন করন কাজ। | ৪,৬৯,৭৭৬/- |

| | | |
|---|---|---|
| ৯. | বনমালা স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেলবোর্ড মেরামত, এস কে মান্নান স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেল বোর্ড মেরামত, তিস্তার গেইট স্কুল রোড পাইপ লাইন লিকেজ মেরামত, টঙ্গী মধুমিতা ও আউচপাড়া সুইচ ভাল্ব স্থাপন ও মেরামত করন | ৪,৬২,৮০১/- |
| ১০. | মধুমিতা (পশ্চিম) স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, মাতাব্বর মার্কেট সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের সুইচ ভাল্ব স্থাপন ও দত্তপাড়া সিরাজউদ্দিন সরকার রোডে পানির পাইপ লাইন লিকেজ মেরামত এবং টঙ্গী ফায়ার সার্ভিস সংলগ্ন স্থাপিত উৎপাদক | ৪,৭৪,২০১/- |
| ১১. | চান্দনা চৌরাস্তা হতে ভোগড়া বাইপাস পর্যন্ত রাস্তায় বৈদ্যুতিক বাতি (Flood Light) স্থাপন করণ। | ৪,৯৯,৯১২/- |
| ১২. | গাজীপুর সিটি কর্পোরেশনের শিববাড়ী মোড় হতে জোড় পুকুর পাড় পর্যন্ত রাস্তায় বৈদ্যুতিক বাতি (Flood Light) স্থাপন করণ। | ৪,৯৮,২০০/- |
| ১৩. | গাজীপুর সিটি কর্পোরেশনের চান্দনা চৌরাস্তা জাগ্রত চৌরাগী মোড় সহ রোডে বৈদ্যুতিক বাতি (Flood Light) স্থাপন করণ। | ৪,৯৭,৫০০/- |
| ১৪. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (৫ম অংশ)। | ৪,৯৮,০০০/- |
| ১৫. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (৬ষ্ঠ অংশ)। | ৪,৯৯,০০০/- |
| ১৬. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (৭ম অংশ)। | ৪,৯৭,০০০/- |
| ১৭. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (৮ম অংশ)। | ৪,৯৮,৫০০/- |
| ১৮. | গাজীপুর সিটি কর্পোরেশন ১নং ও ৩নং জোনের বয়স্ক ভাতা ও প্রতিবন্ধী ভাতা ভোগীদের চেক বিতরণ উপলক্ষে টঙ্গী পাইলট হাই স্কুল এন্ড গার্লস কলেজের মাঠে প্যান্ডেল নির্মাণ কাজ। | ১,৭৮,১০০/- |
| ১৯. | টঙ্গী পাইলট স্কুল এন্ড গার্লস কলেজ মাঠ , সৈলারগাতি মাদ্রাসা মাঠ, নোয়াগাও এম এ মজিদ মিয়া উচ্চ বিদ্যালয় মাঠ ও শিলমুন আব্দুল হাকিম মাষ্টার উচ্চ বিদ্যালয় মাঠে ঈদগাহ প্যান্ডেল নির্মাণ। (পবিত্র ঈদ-উল-আযহা-২০১৯) | ৪,৯৮,৫২৫/- |
| ২০. | ঈদ-উল-আযহা-২০১৯ উপলক্ষে গরুর হাটের জন্য থানা রাস্তা, কে বি এম রাস্তা, মেঘনা রাস্তা, সি ই আর এস রাস্তা ও ফাইসন্স রাস্তার উভয় পার্শ্বে বালি ও খোয়া দ্বারা মেরামত করণ। | ৪,৯৮,৭৭০/- |
| ২১. | ঈদ-উল-আযহা-২০১৯ উপলক্ষে গরুর হাটের জন্য থানা রাস্তা, কে বি এম রাস্তা বালি ও খোয়া দ্বারা মেরামত করণ। | ৪,৯৭,৭০৫/- |
| ২২. | ঈদ-উল-আযহা-২০১৯ উপলক্ষে গরুর হাটের জন্য থানা রাস্তা, কে বি এম রাস্তা, মেঘনা রাস্তা, সি ই আর এস রাস্তার বিভিন্ন স্থানে বালি দ্বারা মেরামত করণ। | ৪,৯৭,৯৬৫/- |
| ২৩. | ঈদ-উল-আযহা-২০১৯ উপলক্ষে গরুর হাটের জন্য থানা রাস্তা, কে বি এম রাস্তার বিভিন্ন স্থানে বালি দ্বারা মেরামত করণ। | ২,৭১,৬৩৫/- |
| ২৪. | কোনাবাড়ী–কাশিমপুর রোড থেকে পশ্চিম দিকে মাহফুজুল সুনাহ মাদ্রাসা হতে হান্নানের বাড়ী পর্যন্ত রাস্তা সি সি করণ ও কোনাবাড়ী - কাশিমপুর রোডে জরুরী ভিত্তিতে ৭ টি পিট স্লাব নিমার্ণ। | ৪,৬৪,২৭০/- |
| ২৫. | অঞ্চল-০৫ কাউলতিয়া অফিসের সামনে সলিং দ্বারা মেরামত। | ৪,৯৭,৫০০/- |
| ২৬. | রোড রোলার-০২ এর ইঞ্জিন ওভার হোলিং, বডি তৈরি, নতুন ব্যাটারী, ডেইন্টিং-পেইন্টিং-ফুয়েল পাম্প, চেসিস মেরামতসহ বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়, সংযোজন ও মেরামত কাজ। | ৪,৯৪,৫৬০/- |
| ২৭. | ডাবল কেবিন পিক আপ গাজীপুর ম-০২-০১৪২ এর ইঞ্জিন ওভার হোলিং, নতুন ব্যাটারী, ডেইন্টিং-পেইন্টিং, ফুয়েল পাম্প, এসি মেরামত সহ বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়, সংযোজন ও মেরামত কাজ। | ৪,৯৫,৮০০/- |
| ২৮. | ম্যানুয়েল ট্রাক ম-০২-০০২২ এর সু-কেবিন তৈরি, বডি তৈরি, নতুন ব্যাটারী, ডেইন্টিং-পেইন্টিং, ফুয়েল পাম্প, চেসিস মেরামত সহ বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়, সংযোজন ও মেরামত কাজ। | ৪,৯৭,১৫০/- |
| ২৯. | ড্রাম ট্রাক Dong Feng-AFR-02 নতুন ব্যাটারী, বডি তৈরি, চেসিস মেরামত, ইঞ্জিন ওভার হোলিং, ডেইন্টিং-পেইন্টিং, ফুয়েল পাম্প মেরামত সহ বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়, সংযোজন ও মেরামত কাজ। | ৪,৯৭,৬৫০/- |
| ৩০. | ড্রাম ট্রাক AFR-10.75-03 নতুন ব্যাটারী, বডি তৈরি, চেসিস মেরামত, ইঞ্জিন ওভারহোলিং, ডেইন্টিং-পেইন্টিং, ফুয়েল পাম্প মেরামত সহ বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়, সংযোজন ও মেরামত কাজ। | ৪,৯৬,১০০/- |

| | | |
|---|---|---|
| ৩১. | মোটর সাইকেল- ১২৫ সিসি-(নতুন)-----০৩টি | ৪,২৯,০০০/- |
| ৩২. | মোটর সাইকেল- ১২৫ সিসি-(নতুন)-----০৩টি | ৪,২৯,০০০/- |
| ৩৩. | মোটর সাইকেল- ১২৫ সিসি-(নতুন)-----০৩টি | ৪,২৯,০০০/- |
| ৩৪. | মোটর সাইকেল- ১২৫ সিসি-(নতুন)-----০২টি | ৩,১২,০০০/- |
| ৩৫. | মোটর সাইকেল- ১০০ সিসি-(নতুন)-----০৬টি | ৪,৯৯,৫০০/- |
| ৩৬. | মোটর সাইকেল- ১০০ সিসি-(নতুন)-----০৫টি | ৪,৮১,৪০০/- |
| ৩৭. | সালনা দেশীপাড়া রাস্তার পাকার মাথা হতে দেশীপাড়া বাজার পর্যন্ত কার্পেটিং রাস্তা মেরামত। | ৪,৯৮,৫০০/- |
| ৩৮. | সালনা-শিমুলতলী রাস্তার এম কে ইপসা গেট পর্যন্ত রাস্তা মেরামত করণ। | ৪,৯৬,৩০০/- |
| ৩৯. | দেশীপাড়া বাজার হতে মারিয়ালী ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত করণ। | ৪,,৯৯,০০০/- |
| ৪০. | মৈশানবাড়ী হতে বাঁশবাড়ী পর্যন্ত রাস্তা মেরামত করণ। | ৪,৯৭,৮০০/- |
| ৪১. | মিরেরগাঁও রাস্তার ব্রীজ হতে মিরেরগাঁও পর্যন্ত সলিং দ্বারা মেরামত করণ। | ৪,৯৯,৭০০/- |
| ৪২. | সালনা -বটতলা রাস্তা দুলাল চৌধুরী মার্কেট হতে ফ্রেন্ডস গার্মেন্টস পর্যন্ত রাস্তা মেরামত করণ। | ৪,৯১,৭০০/- |
| ৪৩. | জোলারপাড় বাজার হতে বিপ্রবর্থা ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত করণ। | ৪,৯৮,৩৫০/- |
| ৪৪. | হাবিবুল্লা সড়কের পূর্ব পার্শ্ব হতে মি: মামুনের বাড়ী পর্যন্ত রাস্তা সলিং ও এইচ বিবি দ্বারা মেরামত করণ। | ৪,৯০,৯৬৬/- |
| ৪৫. | হাবিবুল্লা সড়কের মি: মজিবর মোক্তারের বাড়ী থেকে মারিয়ালী প্রাইমারি স্কুল পর্যন্ত রাস্তা সলিং ও এইচ বিবি দ্বারা মেরামত করণ। | ৪,৮৫,১৫৭/- |
| ৪৬. | নাওভাঙ্গা সংযোগ রাস্তা থেকে দেশীপাড়া ব্রীজ পর্যন্ত রাস্তা সলিং ও এইচ বিবি দ্বারা মেরামত করণ। | ৪,৫৩,৭৫২/- |
| ৪৭. | গ্রীণ হাসপাতালের কর্ণার হতে সাহাপাড়া কার্পেটিং রাস্তা সলিং ও এইচ বিবি দ্বারা মেরামত করণ। | ৪,৯৫,২৫০/- |
| ৪৮. | ধীরাশ্রম রাস্তা হতে পূর্বদিকে কবরস্থান হয়ে চা-বাগান কার্পেটিং রাস্তা ও ডিসি স্যারের বাংলো হতে দক্ষিন দিকে ছোট দেওড়া কার্পেটিং রাস্তা সলিং ও এইচ-বিবি দ্বারা মেরামত করণ এবং মধ্যপাড়া ছায়াবীথি রাস্তায় পিভিসি পাইপ ড্রেন নির্মাণ। | ৪,৩০,৮৭৪/- |
| ৪৯. | জেলা পরিষদ রাস্তা থেকে রথ খোলা রাস্তা, রোথখোলা রাস্তা হতে রাণী বিলাশমনি স্কুল এবং সদর হাসপাতাল রাস্তা গ্রাউডিং দ্বারা মোরমত করণ এবং রাজবাড়ী মেইন রাস্তা সলিং ও এইচ বিবি দ্বারা মেরামত করণ। | ৪,৯৪,৩৬০/- |
| ৫০. | পূবাইল রোড থেকে কলের বাজার রাস্তা হয়ে (পেয়ারা বাগান) ধীরাশ্রম সংযোগ রাস্তা সলিং ও এইচ বিবি দ্বারা মেরামত করণ। | ৩,৫০,০০০/- |
| ৫১. | কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, UPS সামগ্রী ক্রয়। | ৪,৮৩,২০০/- |
| ৫২. | টঙ্গী ১নং জোন অফিসে সিসি ক্যামেরা, ডিজিটেল হাজিরা মেশিন, ফটোকপি মেশিন, কম্পিউটার এবং কেবল ইত্যাদি ক্রয়। | ৪,৯৮,০০০/- |

| | | |
|---|---|---|
| ০৬. বর্জ্য ব্যবস্থাপনা প্রসঙ্গে আলোচনা;<br><br>আলোচনা (ক):- সভায় উপস্থিত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় ওয়ার্ড ভিত্তিক পাড়া মহল্লায় প্রত্যেক বাড়ীর বর্জ্য সংগ্রহ ও অপসারণের দায়িত্ব বেসরকারী প্রতিষ্ঠানকে দেয়া হলে ময়লা আবর্জনা সংগ্রহ ও অপসারণ সহজ হবে। এ প্রসঙ্গে উপস্থিত কাউন্সিলরগন প্রত্যেক ওয়ার্ডে বেসরকারী প্রতিষ্ঠানকে পাড়া মহল্লার প্রত্যেক পরিবার থেকে নির্ধারিত ফিতে ময়লা সংগ্রহ করার দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন। সভাপতি | সিদ্ধান্তঃ- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>(ক)আলোচনান্তে প্রত্যেক ওয়ার্ড কাউন্সিলরগন কর্তৃক বাছাইকৃত বেসরকারী প্রতিষ্ঠানকে পরিবার প্রতি ৫০-১০০ টাকার ফি এর বিনিময়ে ময়লা সংগ্রহের অনুমতি প্রদান করার সর্ব সিদ্ধান্ত গৃহিত হয়। তবে উক্ত বেসরকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এবং নির্ধারিত জামানত থাকা | |

| | | |
|---|---|---|
| মহোদয় এ প্রসঙ্গে জানান যে, ওয়ার্ড কাউন্সিলরগন কর্তৃক বাছাইকৃত প্রত্যেক ওয়ার্ডে বেসরকারী প্রতিষ্ঠানকে প্রত্যেক বাসাবাড়ী থেকে নির্ধারিত ফিতে এবং নির্ধারিত জামানতের বিপরীতে ময়লা সংগ্রহের অনুমতি দেয়া যেতে পারে। তবে ঐ প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স থাকতে হবে।<br>আলোচনা (খ):- মেয়র মহোদয় সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনে বর্তমানে বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি খুবই গুরুত্বপূর্ন বিধায় এ বিষয়ে অগ্রধীকার ভিত্তিতে জমি অধিগ্রহণ এবং বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে নানামুখী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। ইতিমধ্যেই বিভিন্ন দেশী/বিদেশী সংস্থার সাথে আলোচনা/মত বিনিময় করা হয়েছে। এতে করে বিভিন্ন রকম পরামর্শ পাওয়া গিয়েছে। এর মধ্যে রয়েছে- বর্জ্য থেকে সার, বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদান, বর্জ্য থেকে বায়ো গ্যাস উৎপাদন, বর্জ্য পুড়ে স্যানিটারী ল্যান্ড ফিল্ড করা ইত্যাদি।<br>উল্লেখিত বিষয়গুলো বিস্তারিত আলোচনার পর জমি অধিগ্রহন এবং যন্ত্রপাতি/Equipment/যানবাহন ক্রয় সহ আধুনিক প্রযুক্তি সংযুক্ত করে ডিপিপি প্রস্তুত করার জন্য প্রকৌশল/বর্জ্য ব্যাবস্থাপনা বিভাগকে দায়িত্ব দেয়া যেতে পারে বলে উপস্থিত কাউন্সিলরগণ মাতমত পোষন করেন। | বাধ্যতামূলক। সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ সহযোগিতা করবেন।<br>(খ) জমি অধিগ্রহন, যন্ত্রপাতি, যানবাহন, Equipment এবং বর্জ্য ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তি সংযোজনের নিমিত্তে Consultant নিয়োগের ব্যবস্থা রেখে একটি ডিপিপি প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) ডিপিপি এর আর্থিক সীমা ১৫০০-১৬০০ কোটি টাকার ভিতরে করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয় এবং অর্থ সংস্থানের জন্য স্থানীয় সরকার বিভাগে ডিপিপি প্রেরন পূর্বক মননীয় মেয়র মহোদয়েকে স্থানীয় সরকার বিভাগ থেকে অর্থের সংস্থান করার অনুরোধ জানানো হয়। | |

**বিবিধঃ (ক)**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভাপতি মহোদয় সভাকে জানান যে, বর্তমানে সারা দেশে ডেঙ্গু মারাত্নক আকার ধারণ করেছে। এটা গনসচেতনতা এবং কার্যকরী মশার ঔষধ ছিটানোর মাধ্যমে নিয়ন্ত্রন করা সম্ভব। তিনি সভায় আরও জানান যে, তিনি ব্যক্তিগতভাবে প্রায় ৩০০ টন মশার ঔষধ বিদেশ থেকে ক্রয় করেছেন। উক্ত ঔষধ যথাযথভাবে পরীক্ষা নিরীক্ষা করে সিটি কর্পোরেশনের ৫৭টি ওয়ার্ডে দেয়া হচ্ছে। এছাড়া সরকারী ও বেসরকারী বিভিন্ন সংস্থাকেও বিনামূল্যে তা দেয়া হচ্ছে। তিনি আরও জানান যে, বিগত সময়ের কোন ফগার মেশিন এবং কোন লোকবল পান নাই। তারপরও তিনি এই ভয়াবহ পরিস্থিতি মোকাবেলা করেছেন। এ বিষয়ে সকল কাউন্সিলরগনের সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত কাউন্সিলরগন জানান যে, মাননীয় মেয়র মহোদয়ের উদ্যোগটি দেশ বিদেশে প্রশংসিত হয়েছে। কাউন্সিলরগন মশার ঔষধ ছিটানোর জন্য আরও ফগার মেশিন ক্রয়ের প্রস্তাব করেন এবং এই মহৎ উদ্যোগের জন্য মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br>ক) ডেঙ্গু রোগ প্রতিরোধে সিটি কর্পোরেশন এলাকায় এবং বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থাকে বিনামূল্যে মশার ঔষধ সরবরাহ করায় মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>খ) বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে যোগাযোগ করে ফগার মেশিনের মাধ্যমে ৫৭টি ওয়ার্ডে মশার ঔষধ ছিটানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। সিটি কর্পোরেশনের সকল কাউন্সিলর এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। |

বিবিধঃ (খ)

| আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- |
| সভাপতি উপস্থিত ৪০নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আজিজুর রহমান ও অন্যান্য কাউন্সিলর জনান যে, দীর্ঘ প্রায় ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হয়ে গেলেও গাজীপুর সিটি কর্পোরেশনের কাউন্সিলর কার্যালয়ে পূর্ণাঙ্গ আসবাবপত্র সরবরাহ করা হয়নি। বিগত প্রায় ০২ বছর পূর্বে ৫০,০০০ টাকার আসবাবপত্র প্রদান করা হলেও তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। অনেক কাউন্সিলর জরাজীর্ণ আসবাবপত্রে বসে তাদের দাপ্তরিক কাজ সম্পাদন করছে। এলাকার নাগরিকগণ কার্যালয়ে আসলে তাদেরকে বসতে দেয়া যায়না। দাপ্তরিক নথি পত্র রাখার জন্য আলমারী ও অন্যান্য আসবাবপত্র নেই। ফলে কাউন্সিলর কার্যালয়ে কাজ কর্মে সমস্যার সৃষ্টি হচ্ছে। উপস্থিত কাউন্সিলরগন তাদের কার্যালয়ে সকল কার্যালয়ে আসবাবপত্র সরবরাহের জন্য অনুরোধ করেন।সভাপতি মহোদয় সভাকে জানান যে, কাউন্সিলরগণের আসবাবপত্রের দাবী অত্যন্ত যৌক্তিক। কার্যালয়ে আসবাবপত্র না থাকলে কাজে সমস্যার সৃষ্টি হয়। তিনি জরুরী ভাবে কি পদ্ধতিতে ৭৬ জন কাউন্সিলরের আসবাবপত্র ক্রয় করা যায় সে বিষয়ে সভার দৃষ্টি আকর্ষন করেন। উপস্থিত কাউন্সিলরগন জানান যে, ১টি কমিটি গঠন করে অটবি থেকে আসবাবপত্র ক্রয় করা যেতে পারে। সভায় উপস্থিত কাউন্সিলরগন এ বিষয়ে একমত পোষণ করেন। | সিদ্ধান্তঃ- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ৭৬ জন কাউন্সিলরের কার্যালয়ের জন্য আসবাবপত্র ক্রয়ের জন্য নিম্নরুপ ক্রয় কমিটি গঠনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। ক্রয় কমিটি নিম্নরুপঃ-<br><br>১। জনাব মোঃ আজিজুর রহমান, কাউন্সিলর- ৪০নং ওয়ার্ড ২। জনাব আব্দুল্লাহ আল মামুন, কাউন্সিলর- ৩৫নং ওয়ার্ড ৩। জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, কাউন্সিলর- ৪৬নং ওয়ার্ড ৪। জনাব মোঃ জাবেদ আলী, কাউন্সিলর- ২৭নং ওয়ার্ড ৫। জনাব মোঃ শহিদুল ইসলাম, কাউন্সিলর- ২০নং ওয়ার্ড ৬। জনাব মোঃ রফিকুল ইসলাম, কাউন্সিলর- ১৭নং ওয়ার্ড ৭। জনাব আব্বাছ উদ্দিন, কাউন্সিলর- ১২নং ওয়ার্ড ৮। জনাব মীর মোঃ আসাদুজ্জামান, কাউন্সিলল- ০৬নং ওয়ার্ড। ৯। জনাব মোসাঃ আয়েশা আক্তার, সংরক্ষিত আসনের কাউন্সিলর- ১০নং ওয়ার্ড ১০। জনাব কেয়া শারমিন, সংরক্ষিত আসনের কাউন্সিলর- ১৮নং ওয়ার্ড<br><br>ক্রয় কমিটি প্রত্যেক ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ের জন্য ১,৫১,৭৩৩.৫০ (এক লক্ষ একান্ন হাজার সাতশত তেত্রিশ টাকা পঞ্চাশ পয়শা) টাকার আসবাবপত্র ক্রয় করে সরবরাহ করবেন। এ বিষয়ে অটবিকে কার্যাদেশপত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

বিবিধঃ (গ)

| আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- |
| সভাপতি মহোদয় সভাকে জানান যে, সনাতন হিন্দু ধর্মালম্বীদের প্রধান ধর্মীয় উৎসব সার্বজনীন দূর্গাপূজা আগত প্রায়। দূর্গাপূজা উপলক্ষে সিটি কর্পোরেশন এলাকার পূজা মন্ডপ গুলোতে প্রতিটিতে প্রতি বছর আর্থিক অনুদান প্রদান করা হয়। এই বছরও সিটি কর্পোরেশন পুর্জা মন্ডপে আর্থিক অনুদান প্রদান করবে। সভায় উপস্থিত কাউন্সিলরগন পূজা মন্ডপের আর্থিক অনুদানের চেক তাদের মাধ্যমে প্রদান করার প্রস্তাব করেন। সভায় বিগত বছরের চেয়ে আর্থিক অনুদান বৃদ্ধি করার জন্য মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ করেন। | সিদ্ধান্তঃ- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দূর্গাপূজা উপলক্ষে সিটি এলাকার প্রতিটি পূজা মন্ডপে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা করে আর্থিক অনুদান প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

**বিবিধ: (ঘ)**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের নিজস্ব কোন ভুমি নেই বললে চলে। সিটি কর্পোরেশনের এ্যাসফল্ট প্ল্যান্ট নির্মাণ, কসাইখানা নির্মাণ, ডাম্পিং ষ্টেশন নির্মাণ, কবরস্থান নির্মাণ, বাস ও ট্রাক টারমিনাল ইত্যাদি নির্মানের জন্য জমির প্রয়োজন। সভায় উপস্থিত কাউন্সিলরগন জানান যে, বর্ণিত কাজ গুলি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জমি নিজস্ব অর্থায়নে ক্রয় করা যেতে পারে। কারণ জনস্বার্থে উক্ত কাজ গুলি বাস্তবায়ন করা খুবই জরুরী। | সিদ্ধান্ত:- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে এ্যাসফল্ট প্ল্যান্ট নির্মাণ, কসাইখানা নির্মাণ, ডাম্পিং ষ্টেশন নির্মাণ, কবরস্থান নির্মাণ, বাস ও ট্রাক টারমিনাল নির্মাণ ইত্যাদি কাজের জন্য প্রয়োজন অনুযায়ী নিজস্ব অর্থায়নে জমি ক্রয়ের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

**বিবিধ: (ঙ)**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের ৭৬ জন কাউন্সিলর রয়েছে। ৭৬ জন কাউন্সিলরের ওয়ার্ড সচিব এবং অন্যান্য গুরুত্বপূর্ণ শাখা সমূহের জন্য মটর সাইকেল প্রয়োজন। তিনি আরও জানান যে, TVS কোম্পানী থেকে সরাসরি মটর সাইকেল ক্রয় করলে মূল্য অনেক কম পাওয়া যাবে। উপস্থিত কাউন্সিলরগন জানান যে, ওয়ার্ড সচিব এবং অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের জন্য মটর সাইকেল জরুরী প্রয়োজন। তাই জরুরী ভিত্তিতে TVS কোম্পানী থেকে মটর সাইকেল ক্রয়ের প্রস্তাব করেন। এছাড়াও বিভিন্ন জোনের জরুরী চিঠিপত্র এবং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয় হতে বিভিন্ন নোটিশ চিঠিপত্র বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করতে হয়। তাই অফিস সহায়কদের জন্য বাইসাইকেল জরুরী প্রয়োজন হয়। | সিদ্ধান্ত:- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে (ক) জরুরী ভিত্তিতে TVS Auto Bangladesh থেকে ৮০ (আশি) টি TVS Stryker 125CC মটরসাইকেল ক্রয়ের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। প্রতিটি মটর সাইকেলের রেজিষ্টেশনসহ মূল্য ১,৪২,৯০০ (এক লক্ষ বিয়াল্লিশ হাজার নয়শত) টাকা।<br>(খ) জরুরী ভিত্তিতে ২০০(দুইশত)টি বাইসাইকেল ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

**বিবিধ: (চ)**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভাপতি মহোদয় সভাকে জানান যে, সিটি এলাকার বিভিন্ন মসজিদ ও মাদ্রাসা, ঈদগাহে প্যান্ডেল নির্মাণ, মন্দির ও পুজা মন্ডপ, সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদান করা হয়েছে। এ ছাড়া বিভিন্ন রাস্তা ড্রেন নির্মাণ ও প্রশস্তকরণের জন্য রাস্তার পার্শ্বে বাড়িগ্রস্থ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ক্ষতিপূরণ বাবদ অনুদান প্রদান করা হয়েছে। যাহার বিবরণ নিম্নরুপ। | সিদ্ধান্ত:- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উক্ত খাতসমুহের অনুদান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

| ক্র:নং | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১. | মসজিদ ও মাদ্রাসায় অনুদান। | ৬৫,৫০,০০০/- |
| ০২. | মন্দির ও পুজা মন্ডপের অনুদান। | ৩০,১৫,০০০/- |
| ০৩. | শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান। | ২৫,০০,০০০/- |
| ০৪. | সামাজিক অনুদান। | ২০,৮০,০০০/- |
| ০৫. | নতুন রাস্তা নির্মাণ, ড্রেন নির্মাণ, রাস্তা প্রশস্তকরণ জনিত ক্ষতিপূরণ বাবদ অনুদান। | ২,৪৪,৫৫,০০০/- |

**বিবিধ: (ছ)**

সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় বর্তমানে চলাচলকারী ব্যাটারি চালিত বিভিন্ন অটোরিক্সার কোন লাইসেন্স/অনুমতি নেই। ফলে তারা অবৈধভাবে বিভিন্ন সড়কে চলাচল করে। এতে জনগনের চলাচলের সমস্যা সৃষ্টি হয় এবং যেখানে সেখানে যানজটের সৃষ্টি করে। এই সব ব্যাটারি চালিত অটোরিক্সাকে নির্দিষ্ট নিয়মের মধ্যে এনে লাইসেন্স/অনুমতি দেয়ার বিষয়ে প্রস্তাব করেন। এতে জনসাধারনের ভোগান্তি লাগব হবে এবং দরিদ্র শ্রমিক ও মালিকদের উপকার হবে। তাই দরিদ্র মালিক ও শ্রমিকদের আয় রোজগারের কথা বিবেচনা করে সড়কের শৃংখলা এবং সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের বৃহত্তর স্বার্থে মহামান্য হাইকোর্টের নির্দেশনা থাকায় হাইওয়ে ব্যতীত সকল রাস্তায় ব্যাটারি চালিত অটোরিক্সা গুলোকে লাইসেন্স এর আওতায় আনার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহিত হয় এবং নিম্নরূপ ফি নির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়:-

| | | |
|---|---|---|
| ০১. | ৬ আসন বিশিষ্ট ব্যাটারি চালিত অটোরিক্সা বাৎসরিক ফি- | ১৫,০০০/- |
| ০২. | ৩ আসন বিশিষ্ট ব্যাটারি চালিত অটোরিক্সা বাৎসরিক ফি- | ১২,০০০/- |
| ০৩. | ২ আসন বিশিষ্ট ব্যাটারি চালিত অটোরিক্সা বাৎসরিক ফি- | ১০,০০০/- |
| ০৪. | প্যাডেল চালিত রিক্সা বাৎসরিক ফি- | ৫,০০০/- |
| ০৫. | প্যাডেল চালিত ঠেলা/ভ্যান বাৎসরিক ফি- | ৫,০০০/- |

অতঃপর সভার সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৮/১৯

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।

স্মারক নংঃ- জিসিসি/প্রশাঃ/সাধাঃ/মাঃসঃ/২০১৯/৬২৭/১(১০০)
তারিখঃ ২৯/০৮/১৯খ্রিঃ

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, জোন-১/২/৩/৪/৫/৬/৭/৮, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), জোন-১/২/৩/৪/৫/৬/৭/৮, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. জনাব ..............................................................
১২. অফিস কপি।

২৯/৮/১৯

মোঃ মোস্তাফিজুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
গাজীপুর সিটি কর্পোরেশন।